নৈতিকতা কমিটির সভার **কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সময় | : | সকাল ৯:৩০ থেকে ১০:৩০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ২২/১১/২০২১ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় ২১ নভেম্বর ২০২১ তারিখে জুমের মাধ্যমে কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার আহবান জানান। সভাপতি মহোদয় বিভিন্ন স্টেক হোল্ডার মিটিং/অংশীজন সভা আয়োজনে নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসে প্রয়োজনীয় লোকবলের অভাব আছে বলে সভাকে জানান। তিনি এতদসম্পর্কে প্রয়োজনীয় লোকবল পদায়নের প্রস্তাব কেন্দ্রীয় দপ্তরে প্রেরণ করা হয়েছে বলে সভাকে জানান। আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনা ২০২১-২২ অনুসারে ডিসেম্বর-২০২১ এর মধ্যে স্টেকহোল্ডার/অংশীজন সভার আয়োজন করা হবে।

২। আগামী ২৩/১২/২০২১ তারিখে একটি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।

৩। শুদ্ধাচার পুরস্কার বিষয়ে সর্বশেষ প্রজ্ঞাপনটি কেন্দ্রীয় দপ্তর হতে প্রেরিত হলে তদানুযায়ী শুদ্ধাচার পুরস্কারের মনোনয়নের কাজ সম্পন্ন করা হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 22/11/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

সংযুক্ত-ক

## ২২/১১/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 22/11/2021 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া ২২/১১/২০২১ |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] ২২/১১/২০২১ |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ২২/১১/২০২১ |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির ২২/১১/২০২১ |